গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২-৮৮৩৪ তারিখ ০২.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

02.07.24

আশরাফুল ইসলাম ফয়সাল
তথ্য অফিসার
আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

সংবাদ গতিধারা
স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:
সংখ্যা ০০২/২০২৪
সিলেট, মঙ্গলবার, ১৮ আষাঢ় ১৪৩১, ০২ জুলাই ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। সিলেট অঞ্চলের বন্যা নিয়ন্ত্রণে বাংলাদেশ- ভারতকে যৌথ উদ্যোগে কাজ করতে হবে: মুহিবুর রহমান মানিক এমপি

০২। শাবির বাজেট ১৮০ কোটি, গবেষণায় নয় কোটি

০৩। পুলিশ ইনডোর সিলেটের উদ্বোধন করলেন এসপি

০৪। সিলেট বোর্ডের স্থগিত এইচএসসি পরীক্ষার নতুন রুটিন প্রকাশ

০৫। কিশোর- কিশোরীদের জীবনমান উন্নয়নে একসাথে কাজ করতে হবে: উপজেলা চেয়ারম্যান

বিস্তারিত সংবাদ

০১. সিলেট অঞ্চলের বন্যা নিয়ন্ত্রণে বাংলাদেশ ভারতকে যৌথ উদ্যোগে কাজ করতে হবে: মুহিবুর রহমান মানিক এমপি

ছাতকের বিভিন্ন স্থানে দিনভর বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করেছেন ছাতক-দোয়ারাবাজার আসনের সংসদ সদস্য ও সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মুহিবুর রহমান মানিক। ছাতক পৌরসভার সাত নম্বর ওয়ার্ড এবং জাউয়াবাজার ইউনিয়নের কৈতক থেকে সিংচাপইড়, ভাতগাঁও ইউনিয়নসহ বিভিন্ন এলাকার বন্যার্ত মানুষের মধ্যে সরকার এবং ভারতীয় দূতাবাস থেকে প্রাপ্ত ত্রাণ বিতরণ করা হয়। ত্রাণ বিতরণকালে সংসদ সদস্য মুহিবুর রহমান মানিকের সঙ্গে ছিলেন ভারতীয় দূতাবাসের সহকারী হাইকমিশনার চন্দর শেখর। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক শুভপ্রতিদিন, দৈনিক জৈন্তা বার্তা)

০২. শাবির বাজেট ১৮০ কোটি, গবেষণায় নয় কোটি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০২৪-২৫ অর্থবছরে ১৮০ কোটি আট লাখ টাকার বাজেট বরাদ্দ দেওয়া হয়েছে। এতে নয় কোটি ৫০ লাখ টাকা গবেষণা খাতে দেওয়া হয়েছে। গতকাল সোমবার দুপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বাজেটের বিস্তারিত তুলে ধরেন উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. কবির হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক আমিনা পারভীন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান, হিসাব দপ্তরের পরিচালক সোহেল উদ্দিন, উপপরিচালক মোর্শেদ আহমেদসহ শাবি প্রেসক্লাবের সাংবাদিকরা উপস্থিত ছিলেন। (দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি)

০৩. পুলিশ ইনডোর সিলেটের উদ্বোধন করলেন এসপি

সিলেট জেলার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল্লাহ আল মামুনের প্রচেষ্টায় সিলেট জেলা পুলিশ লাইন্সে পুলিশ ইনডোর, সিলেটের উদ্বোধন হয়েছে। গতকাল সোমবার দুপুরে সিলেট জেলার পুলিশ অফিসার ও ফোর্সের জন্য নির্মিত এ ইনডোরের উদ্বোধন করেন এসপি। এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মাহফুজা আক্তার শিমুল, অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) আবু সুফিয়ান, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) মো. রফিকুল ইসলামসহ ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শুভপ্রতিদিন, দৈনিক সিলেট বাণী)

০৪. সিলেট বোর্ডের স্থগিত এইচএসসি পরীক্ষার নতুন রুটিন প্রকাশ

বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগে স্থগিত হওয়া চার বিষয়ের এইচএসসি ও সমমানের পরীক্ষার নতুন রুটিন প্রকাশিত হয়েছে। নতুন রুটিনে এ চার বিষয়ের পরীক্ষা পিছিয়ে আগামী ১৩ আগস্ট অনুষ্ঠিত হবে। অন্যান্য বিষয়ের পরীক্ষাগুলো আগের রুটিন অনুযায়ী অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার দুপুরে সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অরুণ চন্দ্র পাল এ তথ্য নিশ্চিত করেন। (দৈনিক সিলেট মিরর, দৈনিক জালালাবাদ)

০৫. কিশোর- কিশোরীদের জীবনমান উন্নয়নে একসাথে কাজ করতে হবে: উপজেলা চেয়ারম্যান

সিলেট সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. সুজাত আলী রফিক বলেছেন, কিশোর- কিশোরীদের জীবনমান উন্নয়নে সকলকে একসাথে কাজ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কিশোর-কিশোরীদের সব ধরনের সুযোগ-সুবিধা দিচ্ছেন। প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, আরডব্লি-উডিও এর ওয়াই মুভস প্রকল্প বাংলাদেশে শিশুদের বিশেষ করে মেয়ে শিশুদের অংশগ্রহণ, শিশু সুরক্ষা, শিশু অধিকার এবং যৌন প্রজনন স্বাস্থ্য ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে এগিয়ে নেওয়ার লক্ষ্যে একটি গতিশীল এবং অন্তর্ভুক্তশীল সমাজ গঠনে ভূমিকা রাখছে। তাদের কার্যক্রম প্রশংসনীয়। প্রকল্পটির মাধ্যমে শিশু-কিশোররা তাদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। (দৈনিক পুণ্যভূমি, দৈনিক উত্তরপূর্ব,৯ দৈনিক শ্যামল সিলেট, দৈনিক সিলেট বাণী)

সম্পাদকীয়

ক. দৈনিক পুণ্যভূমি: আজ বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস।। ২ জুলাই বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস। প্রায় একশ' বছর আগে ১৯২৪ সালের ২ জুলাই ফ্রান্সের প্যারিসে ইন্টারন্যাশনাল স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশান (এআইপিএস) এর আত্মপ্রকাশ ঘটে। বিশ্বের ক্রীড়া সাংবাদিকদের এক কাতারে নিয়ে আসার লক্ষ্যে ১৯৯৫ সাল থেকে ২ জুলাই এআইপিএসের জন্মদিনকে স্মরণ করে বাংলাদেশসহ সারা বিশ্বে পালিত হয়ে আসছে বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস । বাংলাদেশে এআইপিএসের একমাত্র স্বীকৃত সংস্থা হচ্ছে 'বাংলাদেশ ক্রীড়ালেখক সমিতি' (বিএসপিএ)। আন্তর্জাতিকভাবে স্বীকৃত এ দিনটি বিশ্বের সকল ক্রীড়া সাংবাদিক ও লেখকরা আনন্দের সাথে উদযাপন করে থাকেন।

খ. দৈনিক সিলেটের ডাক: বছরব্যাপী ডেঙ্গুর প্রকোপ।। ডেঙ্গু এখন বছরব্যাপী একটি আতংকের নাম। যদিও ইতিপূর্বে কেবল বর্ষা মৌসুমেই ডেঙ্গুর প্রকোপ দেখা যেত, কিন্তু এখন সারা বছরই মানুষ আক্রান্ত হচ্ছে ডেঙ্গুতে। এর আগে বর্ষার ঠিক পূর্ব মুহূর্তে শুরু হত ডেঙ্গুর প্রকোপ; আর শেষ হত বর্ষা বিদায়ের সঙ্গে সঙ্গে। অর্থাৎ মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়কে ডেঙ্গুর মৌসুম হিসেবে চিহ্নিত করা হত। তবে গত কয়েক বছর ধরে সারা বছরই কম-বেশি ডেঙ্গু রোগী পাওয়া যাচ্ছে। অতি সম্প্রতি দেশের প্রায় প্রতিটি জেলা, উপজেলা, এমনকি গ্রামাঞ্চল পর্যন্ত ছড়িয়ে পড়েছে ডেঙ্গু। বিশেষজ্ঞদের মতে, এখনই নিয়ন্ত্রণ করতে না পারলে আগামী আগস্ট-সেপ্টেম্বরে এটি ভয়াবহ হতে পারে। ডেঙ্গু মশাবাহিত একটি প্রাচীন রোগ। এডিস মশা থেকে এ রোগ ছড়ায়। এ রোগের ভাইরাসের একমাত্র বাহক স্ত্রী এডিস মশা।

নিবন্ধ/ফিচার: শিরোনাম ও লেখকের নাম

ক. গ্রামাঞ্চলে বৃক্ষরোপণ– মো. লোকমান হেকিম, দৈনিক পুণ্যভূমি
খ. দুর্যোগ মোকাবিলা: খাদ্য নিরাপত্তা ও সরবরাহ– জাহাঙ্গীর আলম, দৈনিক সিলেট মিরর
গ. মুহাররম মাসের গুরুত্ব ও ফযীলত– হাফিজ মাছুম আহমদ দুধরচকী, দৈনিক কাজির বাজার

#

মাসুদ/জহির/ডলি/২০২৪/১২.৪৫ ঘণ্টা